



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখঃ ১০/১২/২০১৯ খ্রিঃ

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস ও ক্যারম টুর্নামেন্ট ২০১৯-২০ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস ও ক্যারম টুর্নামেন্ট ২০১৯-২০। অদ্য ১০ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলুন ও ফেস্টুন উড়িয়ে টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা পারম্পরিক সৌহার্দ্যতা বজায় রেখে খেলাধুলায় অংশগ্রহণ করবে, কেননা আন্তঃবিভাগ টুর্নামেন্টের উদ্দেশ্য হচ্ছে বিভাগগুলোর মধ্যে সম্পর্ক উন্নয়ন এবং হৃদয়তা সৃষ্টি করা। খেলাধুলায় প্রতিযোগিতা থাকবে তবে সে প্রতিযোগিতা হবে সৌহার্দ্যপূর্ণ ও ভ্রাতৃত্বসুলভ। তোমাদের প্রতি আমার আহ্বান জয় পরাজয় মেনে নিয়ে তোমরা একে অপরের পাশে থাকবে। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ও ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক মো: তারিকুল হক এর পরিচালনায় উদ্বোধনী কার্যক্রমে উপস্থিত ছিলেন প্রক্টর, প্রভোস্টবন্দ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকবন্দ, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবন্দসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা। টুর্নামেন্টে ২৪টি বিভাগের শিক্ষার্থীরা (ছাত্র ও ছাত্রী) অংশগ্রহণ করবে। উদ্বোধনী পর্বে আইন ও গনিত (ছাত্র ইভেন্ট) বিভাগের মধ্যে ভলিবল খেলা অনুষ্ঠিত হয়। এতে গনিত বিভাগ জয় লাভ করে। উল্লেখ্য, ভলিবল ও ব্যাডমিন্টন টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে আগামী ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ। ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় সকাল ১১.৩০ টায় প্রশাসনিক ভবন ১ এর নিচ তলায় আরণ্যক কর্তৃক আয়োজিত ফড়িং উৎসব-২০১৯ এর “চিত্র প্রদর্শনী” উদ্বোধন করেন এবং প্রদর্শিত বিভিন্ন স্থির চিত্র ঘুরে দেখেন। এদিকে বিকাল ৪.৩০টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স কমপ্লেক্সে বিশ্ববিদ্যালয়ের আইটি সোসাইটি কর্তৃক আয়োজিত এক অনুষ্ঠানেও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস